



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

MC-12402

নং- বামাশিবো/প্রশা/ নেত্রকোণা-৫৩/ ১০৪৭/৪

তারিখ ১০/০৬/২০১৬খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং- ০৫.৩০.৭২০৪.০০০.১৪.০০২.১৩-৩০৭; তারিখঃ ২৯ জুন ২০১৬  
২) নং- বামাশিবো/প্রশা/ নেত্রকোণা-৫৩/৬৮৫/৪; তারিখঃ ০২/০৬/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাবীন স্বরমশিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ গভার্ণিং বডি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে গঠিত কমিটির বিরুদ্ধে দুর্নীতি ও বিভিন্ন অনিয়মের বিষয় জনৈক মোঃ তোহিদুল ইসলাম ও জামাল মিয়াগং একথানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন (কপি সংযুক্ত)।

২) অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণাকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা সূত্রোক্ত ১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।

৩) জনৈক মোঃ জামাল মিয়া পুনরায় একটি অভিযোগ বোর্ডে দাখিল করেছেন। অভিযোগপত্রে সরেজমিনে তদন্ত না করে এবং নির্বাচন পরিচালনাকারী উপজেলা মাধ্যমিক অফিসারের মাধ্যমেই তদন্ত পূর্বক ভূয়া তদন্ত রিপোর্ট বোর্ডে প্রেরণ করা হয়েছে মর্মে উল্লেখ পূর্বক পুনঃ তদন্তের জন্য আবেদন করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক... (৩... (৩...)) পাত।

প্রাপকঃ জেলা প্রশাসক, নেত্রকোণা।

নং- বামাশিবো/প্রশা/ নেত্রকোণা-৫৩/

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ, স্বরমশিয়া আলিম মাদরাসা, আটপাড়া, নেত্রকোণা।
৫. জনাব জামাল/মোঃ তোহিদুল ইসলাম, আটপাড়া, নেত্রকোণা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

প্রফেসর এ. কে. এম. হায়েফ উল্লাহ  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৫৮৬১০২১৬

তারিখ : 1 / / ২০১৬খ্রিঃ

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪

বিষয়ঃ সরেজমিনে তদন্ত না করে জুয়া তদন্ত রিপোর্ট বাতিল পূর্বক পুনঃ তদন্তের ব্যবস্থার জন্য আবেদন।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, স্বরমশিয়া দাখিল/আলিম মাদ্রাসায় গত মার্চ মাসে নির্বাচন না করে ভোটার তালিকা (খসড়া ও চূড়ান্ত) প্রকাশ না করে ম্যানেজিং/গার্ডনিং কমিটি সম্পূর্ণ অনিয়ম, অন্যায়ে ও জালিয়াতির মাধ্যমে অভিভাবক নয় তাদের অভিভাবক বানিয়ে কমিটি অনুমোদনের জন্য আপনার বোর্ডে প্রেরণ করে। উপরোক্ত অনিয়ম জালিয়াতির মাধ্যমে পঠিত কমিটি ছাড়াও আরও অন্যান্য বিষয়ে অনিয়ম দৃষ্টান্তের বিষয়ে আমি নিম্নস্বাক্ষরকারী আপনার নিকট অভিযোগ করিলে তদন্তের জন্য আপনি উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট পত্র প্রেরণ করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে ২৩-১৬-২০১৬ তারিখে তদন্তের দায়িত্ব প্রদান করেন। উল্লেখ্য যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ছিলেন উক্ত নবগঠিত কমিটি নির্বাচনের প্রিসাইডিং কর্মকর্তা। প্রিসাইডিং অফিসার এবং মাদ্রাসা প্রধানের ষড়যন্ত্র ও দুর্ভিতসন্ধি মূলক কাজেই উপরোক্ত অনিয়ম, দুর্নীতি ও জালিয়াতির মাধ্যমে নবগঠিত কমিটি গঠণ। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তথা প্রিসাইডিং অফিসার একই ব্যক্তি তদন্তের দায়িত্ব পেয়ে তাহার অফিসে বসে জুয়া হাজিরা খাতা বানিয়ে ও অন্যান্য কাগজপত্র তৈরী করে সরেজমিনে ছাত্র, শিক্ষক, অভিভাবকগণ ও এলাকাবাসী মতামত এবং উপরোক্ত বিষয়ে কোন বৈজববর না নিয়ে অর্থের বিনিময়ে অবৈধ ও জুয়া তদন্ত রিপোর্ট বানিয়ে আপনার অফিসে প্রেরণ করে। আমাকে ২৬-০৬-২০১৬ ইং তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহার কাছে গিয়ে বক্তব্য প্রদান করার জন্য চিঠি দিলে আমি উপরোক্ত বিষয়টি সরেজমিনে তদন্ত করার জন্য তথা মাদ্রাসায় যাওয়ার অনুরোধ মূলক ২৬/০৬/২০১৬ তারিখে একথানা আবেদন উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বরাবরে দিলে তা আমলে না নিয়ে অগ্রাহ্য করে অর্থ পিপাসু উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বানোয়াট জালিয়াতি আশ্রয়পূর্বক তদন্তের রিপোর্ট বানিয়ে আপনার নিকট প্রেরণ করে। যা ন্যায় বিচারের পরিপন্থি, মারাত্মক অনিয়ম ও অন্যায়ে।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা যে, জুয়া জালিয়াতি ও বানোয়াট তদন্ত রিপোর্ট বাতিল পূর্বক সরেজমিনে মাদ্রাসায় গিয়ে ছাত্র, শিক্ষক, অভিভাবক ও এলাকাবাসীর মতামত গ্রহন করে পুনঃতদন্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য আপনাকে সবিনয়ে বিশেষ অনুরোধ করছি।

নিবেদক

তারিখঃ ১৪/০৭/২০১৬ইং

জামাল মিয়া

(মোঃ জামাল মিয়া)

গ্রাম- হরিপুর কান্দাপাড়া, পোঃ  
স্বরমুশিয়া, আটপাড়া, নেত্রকোণা।

মোবাইলঃ ০১৭২৯৫৭৬৭৫৯

সংযুক্তঃ

- ১। সরেজমিনে তদন্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট আবেদনের ফটোকপি।
- ২। সরেজমিনে তদন্ত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট আবেদনের ফটোকপি।